

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৮৯৭

আগরতলা, ৩ জানুয়ারি, ২০২১

বড়মুড়া ইকো পার্কে রাজ্যপাল

রাজ্যপাল রমেশ বৈস আজ বড়মুড়া ইকো পার্ক পরিদর্শন করেন। ইকো পার্ক পরিদর্শনের সময় রাজ্যপালের সাথে ছিলেন রাজ্যপাল পত্নী রমবাই বৈস, কন্যা সহ অন্যান্য আত্মীয়স্বজন। সেখানে সাংবাদিকদের সাথে কথা বলার সময় রাজ্যপাল শ্রীবৈস জানান, পর্যটনের বিকাশে ত্রিপুরার বিপুল সম্ভাবনা রয়েছে। প্রাকৃতিক সৌন্দর্য্য ও সবুজ প্রকৃতির জন্য ত্রিপুরার একটা আলাদা আকর্ষণ রয়েছে। দেশ বিদেশের পর্যটকদের কাছে রাজ্যের পর্যটন ক্ষেত্রগুলি আকর্ষণীয় করে তুলতে সরকার উদ্যোগ নিয়েছে। রাজ্যপালের ইকো পার্ক পরিদর্শনের সময় খোয়াই জেলার জেলাশাসক স্মিতা মল এম এস, পুলিশ সুপার ড. কিরণ কুমার রাও, জেলা বন আধিকারিক ড. নিরজ কুমার চঞ্চল ও তেলিয়ামুড়ার মহকুমার মহকুমা শাসক উপস্থিত ছিলেন।
